# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ UNESCO-এর কান্ট্রি ডিরেক্টর সম্প্রতি বাংলাদেশে অনুষ্ঠিত একটি সেমিনারে যোগদান করেছিলেন। তিনি উক্ত সেমিনারে তার বক্তব্যে বলেন যে, এই সংস্থার ৩১তম সম্মেলনেই ১৯৯৯ সালে বিশ্বের বুকে একটি দিবসকে স্বীকৃতি দেওয়া হয়, যাতে জড়িত ছিল একটি জাতির সংস্কৃতির বিকাশের প্রতি সর্বোচ্চ স্বীকৃতি। তিনি আরও বলেন যে, এ স্বীকৃতিই ছিল মূলত বিশ্বের বুকে জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক চেতনাকে উৎসাহিত করা।

ক. ২১ দফা কে রচনা করেন? ১

খ. আগরতলা মামলার ফলাফল কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. UNESCO-এর Country Director-এর বক্তব্য তোমার পঠিত কোন আন্দোলনের প্রতি ইঙ্গিত প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত আন্দোলনই ছিল স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার ভিত্তিস্বরূপ"- বিশ্লেষণ কর। ৪

২. ▶ 'একটি কবিতা লেখা হবে,
তার জন্য কী ব্যাকুল প্রতীক্ষা মানুষের!
কখন আসবে কবি? কখন আসবে কবি?
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।
গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর কবিতাখানি:
'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'
সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের।'

ক. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য? ১

খ. প্রথম পাঁচসালা পরিকল্পনা কী? ২

গ. উদ্দীপকে কবি বলতে তোমার পাঠ্যবইয়ের কোন মহান নেতাকে বোঝানো হয়েছে? উক্ত নেতার দেশে ফেরার ঘটনাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থা প্রবর্তনের ক্ষেত্রে উক্ত মহান নেতার ভূমিকা বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৩.▶ প্রতি বছরের মতো এ বছরও ঢাকার সেন্ট যোসেফ স্কুলে বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে। এ বছর মেলার বিশেষ আকর্ষণ হিসেবে পেরিস্কোপের মাধ্যমে মহাকাশ দেখার ব্যবস্থা রয়েছে। ওই স্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী নিশাদ পেরিস্কোপের মাধ্যমে মহাকাশের এমন একটি গ্রহ দেখতে পেল যার চারদিকে তিনটি উজ্জল আলোর বলয় রয়েছে।

ক. ঢাকার প্রতিপাদ স্থান কোথায়? ১

খ. কোনো স্থানে মধ্যাহ্ন হলে তার ১০ পূর্বের স্থানের সময় কত? ২

গ. নিশাদ পেরিস্কোপে কোন গ্রহটি দেখেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত গ্রহে কি প্রাণী ও উদ্ভিদের বাসযোগ্য পরিবেশ রয়েছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ ইউসুফের সাথে Linked-In-এ পাশের দেশের সঞ্জয়ের বন্ধুত্ব হয়। সঞ্জয়ের দেশটি আয়তনে অনেক বড়। আবহাওয়া ও জলবায়ুর ক্ষেত্রে উষ্ণতা ও বৃষ্টিপাতের ওপর ভিত্তি করে জলবায়ুকে ৪ ভাগে ভাগ করা হয়েছে।

ক. বাংলাদেশে জলবায়ু কী নামে পরিচিত? ১

খ. বাংলাদেশে যেকোনো একটি ঋতুর ধারণা দাও। ২

গ. উদ্দীপকের তথ্যের আলোকে সঞ্জয় কোন দেশের? এর জলবায়ুর ধারণা ব্যাখ্যা করো। ৩

ঘ. ইউসুফ ও সঞ্জয় উভয়ের দেশের জলবায়ুর সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখাও। ৪

৫.▶ মাহী স্কুল ছুটির পর শাজাহানপুর মোড়ের কাছে যেতেই লাল বাতি জ্বলে উঠল। মাহীদের ড্রাইভার গাড়ি থামিয়ে দিল। মাহী লক্ষ করল একটি C.N.G চালিত অটোরিক্সা এবং একটি প্রাইভেট কার সিগনাল না মেনে চলে যাচ্ছে। ট্রাফিক পুলিশ C.N.G চালকের কাছ থেকে ড্রাইভিং লাইসেন্স কেড়ে নিয়ে মামলা করে দিল। কিন্তু প্রাইভেট কার চালককে আটকালো না।

ক. প্রথা কী? ১

খ. রাষ্ট্র গঠনের মুখ্য উপাদানটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আইনের অনুশাসনের কোন দিকটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সুশাসনের প্রতিষ্ঠায় আইনের অনুশাসনের বিকল্প নেই।' উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬.▶ জনাব শহিদুল ইসলাম প্রাপ্তবয়স্কদের ভোটে ৫ বছরের জন্য নির্বাচিত একটি স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান। তার অধীন আরো ১২ জন সদস্য আছেন। তার এলাকার আওতাধীন নবীনপুর গ্রামের একটি রাস্তা সংস্কারের জন্য ৫ লক্ষ টাকা বরাদ্দ পান। রাস্তা সংস্কারের সময় কিছু অসাধু ব্যক্তি বরাদ্দকৃত টাকা আত্মসাৎ করার চেষ্টা করে। কয়েকজন যুবক বিষয়টি নিয়ে জনাব শহিদুল ইসলামের সাথে যোগাযোগ করলে তিনি রাস্তাটি সঠিকভাবে সংস্কারের নির্দেশ দেন।

https://teachingbd24.com

ক. মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান কে? ১
খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২
গ. জনাব জনাব শহিদুল ইসলাম কোন স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের যুবকদের কাজের মধ্যে নাগরিকের নেতৃত্বের প্রশিক্ষণেরও বিকাশ ঘটেছে" উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭.▶ জনাব লাল মিয়া এলাকার একজন প্রভাবশালী ব্যক্তি যিনি প্রচুর ধনসম্পদের মালিক। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তিনি একটি রাজনৈতিক দলের পরিচয়ে নির্বাচনে অংশগ্রহণের জন্যে প্রস্তুতি নিচ্ছেন। এ জন্য সাহায্য প্রদানের নামে এলাকায় তিনি প্রচুর অর্থ ব্যয় করে যাচ্ছেন। এলাকার দেয়ালে দেয়ালে তিনি পোস্টার, ব্যানার ইত্যাদি লাগিয়ে দিয়েছেন এবং অন্য প্রার্থী সম্পর্কে তিনি মিথ্যা প্রচারণা চালাচ্ছেন। তিনি প্রভাবশালী হওয়ায় এলাকার কেউ তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারছে না।
ক. ম্যাকাইভারের মতে রাষ্ট্র কী? ১
খ. রাষ্ট্রের ঐচ্ছিক কার্যাবলির সংক্ষিপ্ত ধারণা দাও। ২
গ. জনাব লাল মিয়ার আচরণে কীভাবে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘিত হয়েছে'? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে জনাব লাল মিয়ার আচরণ শাস্তিযোগ্য অপরাধ।' —উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ একটি লাভজনক রপ্তানিমুখী কারখানার শ্রমিকেরা ন্যায্য মজুরির দাবিতে মালিকের সাথে আলোচনায় বসতে চায়। অথচ মালিক শ্রমিকের ন্যায্য দাবিকে পাশ কাটিয়ে উল্টো তাদের মজুরি কমিয়ে দিতে চায়। এ প্রেক্ষাপটে শ্রমিকেরা মালিককে জানায়, প্রচলিত ব্যবস্থার পরিবর্তন এনে তারা লাভ বা লোকসানের অংশীদার হতে চায়।
ক. উপযোগ কাকে বলে? ১
খ. সম্পদের অপ্রাচুর্যতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দ্বন্দ্বের প্রেক্ষাপটে শ্রমিকেরা যে সমাধানটি চেয়েছে তা কোন অর্থনৈতিক ব্যবস্থার অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রচলিত ব্যবস্থায় একটি ক্ষুদ্র জনগোষ্ঠীর হাতে সমাজের বিশাল জনগোষ্ঠীর ভোগ নিয়ন্ত্রিত হয়– বিশ্লেষণ কর। ৪

৯.▶ আরমান সাহেব একটি গার্মেন্টস শিল্পের সত্ত্বাধিকারী। তার দুই সন্তান দেশের অন্যস্থানে দুটি ক্ষুদ্রশিল্প স্থাপন ও পরিচালনা করছে। এসব কারখানায়

Teachingbd24.com

বেশ কিছু লোকের কর্মসংস্থান হচ্ছে। এ শিল্পে অবকাঠামোগত কিছু সমস্যা বিদ্যুৎ, গ্যাস, কাঁচামাল, শ্রমিক ইত্যাদি থাকায় ইচ্ছা থাকলেও এখানে ভালোভাবে বিনিয়োগ করতে পারছে না।

ক. বিনিয়োগ কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ২

গ. আরমান সাহেব দেশের অর্থনীতির যে খাতে অবদান রাখেন সেটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নে উদ্দীপকে উল্লিখিত খাতের প্রকৃতি/বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

১০.▶ 'শাপলা' ও 'দোয়েল' দুটো আর্থিক প্রতিষ্ঠান। 'ক' আর্থিক প্রতিষ্ঠান সরকারের প্রতিনিধি হিসেবে বিনা খরচে বিভিন্ন উৎস থেকে সরকারের পাওনা আদায় এবং বিভিন্ন খাতে সরকারের দেনা পরিশোধ করে। 'খ' প্রতিষ্ঠান বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে অর্থনীতির উন্নয়নে সহায়তা করে।

ক. দেশের সীমান্ত রক্ষা ও চোরাচালান রোধের জন্য কোন বাহিনী গড়ে তোলা হয়েছে? ১

খ. আবগারি শুল্ক বলতে কী বোঝায়? ২

গ. 'শাপলা' ও 'দোয়েল' আর্থিক প্রতিষ্ঠানের স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' আর্থিক প্রতিষ্ঠান কীভাবে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করে? বিশ্লেষণ কর। ৪

১১.▶ মতিঝিল মডেল স্কুলে বর্তমানে অনেকগুলো মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। এসব মাল্টিমিডিয়া ক্লাসরুমে পাঠদানের কারণে পাঠদান শিক্ষার্থীদের কাছে অনেক আকর্ষণীয় হয়েছে। শিক্ষার্থীরাও আধুনিক এ পদ্ধতি সহজভাবে গ্রহণ করেছে এবং আনন্দের সঙ্গে তাদের পাঠ্যক্রম শেষ করতে পারছে। এছাড়া ইন্টারনেটের মাধ্যমে তারা বিভিন্ন তথ্য জানতে পারছে তাদের প্রয়োজনমত। ফলে সমাজব্যবস্থায়ও পরিবর্তনের প্রভাব পড়ছে।

ক. মানুষের আচরণগত পারস্পরিক প্রভাবের প্রতিক্রিয়াকে কী বলে? ১

খ. বাংলাদেশের গ্রাম ও শহর সমাজের সামাজিকীকরণের বৈসাদৃশ্যের ধরন ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের যে উপাদানটির উল্লেখ আছে তার ইতিবাচক ভূমিকা উল্লেখ করো। ৩

ঘ. 'উদ্দীপকে সামাজিক পরিবর্তনে যে উপাদানটির উল্লেখ রয়েছে তার বইরেও সামাজিক পরিবর্তনের অনেক কারণ উল্লেখযোগ্য—' তুমি কি একমত? তোমার মতামতের যথার্থতা প্রমাণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে ছিলেন?**

ক) মহাত্মা গান্ধী
খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) এ কে ফজলুল হক
ঘ) আল্লামা ইকবাল

**২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমতলায় সভা হয় কেন?**

ক) ১৪৪ ধারা ভঙ্গ করার জন্য
খ) সংগ্রাম পরিষদ গঠন করার জন্য
গ) ভাষা শহিদদের স্মরণ করার জন্য
ঘ) মিছিলে নেতৃত্ব দেয়ার জন্য

**৩. রণক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের মানসিক ও নৈতিক বল ধরে রাখতে সহায়তা করেছেন কারা?**

ক) নারী
খ) গণমাধ্যম
গ) শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবি
ঘ) বঙ্গবন্ধু

**৪. বাংলাদেশ কীভাবে স্বাধীনতা লাভ করেছে?**

ক) মুক্তিযুদ্ধের মাধ্যমে
খ) জাতিসংঘের মধ্যস্থতায়
গ) আলাপ-আলোচনার মাধ্যমে
ঘ) বহির্বিশ্বের চাপের ফলে

**৫. জোয়ার-ভাটার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব রয়েছে—**

i. স্থলভাগের ওপর
ii. জলভাগের ওপর
iii. বায়ুমণ্ডলের ওপর

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. জোয়ার-ভাটা সৃষ্টিতে সহায়তা করে—**

i. কেন্দ্রাভিমুখী শক্তি
ii. মহাকর্ষ শক্তি
iii. কেন্দ্রাতিগ শক্তি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. বাংলাদেশের প্লাবন সমভূমির আয়তন কত?**

ক) ১,৪৭,৫৭০ বর্গ কি.মি.
খ) ১,৩৮,২৬৭ বর্গ কি.মি.
গ) ১,২৪,২৬৬ বর্গ কি.মি.
ঘ) ১,১৪,৭৭০ বর্গ কি.মি.

**৮. কোন অঞ্চলের মাটির রং ধূসর ও লাল বর্ণের?**

ক) সুন্দরবনের
খ) লালমাই পাহাড়ের
গ) মধুপুর ও ভাওয়াল গড়ের
ঘ) বরেন্দ্রভূমির

**৯. বাংলাদেশের সর্বত্র গড় তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার কারণ কী?**

ক) আবহাওয়া পরিবর্তন
খ) শিল্পায়ন
গ) জলবায়ু পরিবর্তন
ঘ) নগরায়ণ

**উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

দিনাজপুর জিলা স্কুলের ছাত্ররা ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা দিয়ে শিক্ষা সফরে কক্সবাজার এসেছে। ছাত্ররা দিনাজপুরের তাপমাত্রার সাথে কক্সবাজারের তাপমাত্রার বেশ তফাৎ লক্ষ করে।

**১০. উপরিউক্ত সময়ে বাংলাদেশে কোন ঋতু বিরাজ করে?**

ক) গ্রীষ্ম খ) বর্ষা
গ) শীত ঘ) বসন্ত

**১১. একই সময়ে বেড়াতে আসা স্থানের তাপমাত্রার চেয়ে নিজেদের এলাকার তাপমাত্রায় কেমন তফাৎ লক্ষ করা যায়?**

ক) কম খ) বেশি
গ) সমান ঘ) খুব বেশি

**১২. সুজিত তার বন্ধুদের সাথে নৌকা ভ্রমণে গেল। তারা যে নদীতে নৌকা ভ্রমণ করল নদীটির সৃষ্টি হয়েছে সিলেট জেলার সুরমা ও কুশিয়ারার মিলিত স্থলে। নদীটির নাম কী?**

ক) কর্ণফুলী খ) যমুনা
গ) মেঘনা ঘ) ব্রহ্মপুত্র

**১৩. বি আই ডব্লিউ টি এ কখন গঠন করা হয়?**

ক) ১৯৫৮ খ) ১৯৬৩
গ) ১৯৬৫ ঘ) ১৯৬৯

**১৪. গ্রিক নগররাষ্ট্রে নাগরিক হিসেবে গণ্য করা হতো না—**

i. বৃদ্ধদের
ii. দাসদের
iii. নারীদের

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

অভ্যন্তরীণ ক্ষমতা → সার্বভৌমত্ব → ?

**১৫. খালিঘরে '?' প্রশ্নচিহ্নিত স্থানে কোন ক্ষমতা বসবে?**
ক) বাহ্যিক ক্ষমতা খ) ঐচ্ছিক ক্ষমতা
গ) গৌণ ক্ষমতা ঘ) অপরিহার্য ক্ষমতা

**১৬. অভ্যন্তরীণ ক্ষমতা প্রয়োগ হয়—**
i. রাষ্ট্রের মধ্যকার সকল ব্যক্তির ওপর
ii. রাষ্ট্রে মধ্যকার সকল প্রতিষ্ঠানের ওপর
iii. সরকারি কর্মচারীর ওপর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৭. রাষ্ট্রপতিকে অভিশংসন করতে পারে কে?**
ক) প্রধানমন্ত্রী খ) মন্ত্রিপরিষদ
গ) জাতীয় সংসদ ঘ) প্রধান বিচারপতি

**১৮. রিফাতের বাবা জাতীয় সংসদের একজন সদস্য। সংসদ সদস্য হিসেবে তিনি নিচের কোন কাজটিতে অংশ নিতে পারবেন?**
ক) ন্যায়বিচার প্রতিষ্ঠা
খ) শাসন বিভাগকে নিয়ন্ত্রণ
গ) আইনের ব্যাখ্যা প্রদান
ঘ) জরুরি অবস্থা ঘোষণা

**১৯. সংসদীয় ব্যবস্থায় বিরোধী দলকে কী হিসেবে ধরা হয়?**
ক) সকল সরকার খ) সাধারণ সরকার
গ) মুখ্য সরকার ঘ) বিকল্প সরকার

**২০. তত্ত্বাবধায়ক সরকারের অধীনে প্রথম কততম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়?**
ক) ৪র্থ খ) ৫ম
গ) ৬ষ্ঠ ঘ) ৭ম

**২১. জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র নিয়ে কোন পরিষদ গঠিত হয়?**
ক) সাধারণ পরিষদ
খ) নিরাপত্তা পরিষদ
গ) তত্ত্বাবধায়ক পরিষদ
ঘ) আন্তর্জাতিক বিচারালয়

**২২. আন্তর্জাতিক অর্থ তহবিল এর অপর নাম কী?**
ক) আই এম এফ খ) আই ডি বি
গ) বিশ্ব ব্যাংক ঘ) এডিবি

**উদ্দীপকটি পড়ে ২৩—২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. 'ক' একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। তিনি খাজনা ও সুদ যথাসময়ে প্রতিশোধ করেন। তবে শ্রমিকগণকে মজুরি দিতে কার্পণ্য করেন।

**২৩. মি. 'ক' এর শিল্প প্রতিষ্ঠানটিতে কোন ধরনের উৎপাদন ব্যবস্থা বিদ্যমান?**
ক) মিশ্র খ) ধনতান্ত্রিক
গ) সমাজতান্ত্রিক ঘ) ইসলামী

**২৪. উদ্দীপকে কর্মসম্পাদনের ক্ষেত্রে কোন পর্যায় ব্যাহত হচ্ছে?**
ক) প্রচেষ্টা খ) উৎপাদন
গ) বন্টন ঘ) ভোগ

**২৫. অর্থনৈতিক ব্যবস্থায় সম্পাদিত হয়—**
i. উৎপাদিত সম্পদের বণ্টন প্রক্রিয়া
ii. উৎপাদন প্রক্রিয়া
iii. উৎপাদিত সম্পদের ভোগ প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৬. কোনো দেশের জাতীয় আয়ের বাৎসরিক বৃদ্ধির হারকে কী বলে?**
ক) বাৎসরিক হার খ) প্রবৃদ্ধির হার
গ) শতকরা হার ঘ) স্থূল হার

**২৭. কোন দেশটি নিম্ন মধ্য আয়ের?**
ক) কেনিয়া খ) থাইল্যান্ড
গ) মিশর ঘ) কম্বোডিয়া

**২৮. বেসামরিক পূর্ত কাজ কোনটি?**
ক) মেডিকেল কলেজ স্থাপন
খ) রাস্তাঘাট নির্মাণ
গ) কর্মচারীকে বেতন প্রদান
ঘ) জনসংখ্যা নিয়ন্ত্রণ

**২৯. কোন আমানতের জন্য আমানতকারীকে উচ্চ হারে সুদ প্রদান করা হয়?**
ক) চলতি আমানত খ) সঞ্চয়ী আমানত
গ) স্থায়ী আমানত ঘ) বিশেষ আমানত

**৩০. পরিবারের সাথে মানুষের সম্পর্ক—**
i. গভীর
ii. শৃঙ্খলিত
iii. জন্ম হতে মৃত্যু পর্যন্ত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com